55

দৈনিক ইনকিলাব

তারিখ ... 24 DEC 1998 ... ...
পৃষ্ঠা ২ কলাম ৬

# ডাঃ ইকবাল কর্তৃক তেজগাঁও কলেজের প্রিন্সিপাল নিয়োগের নিন্দা

প্রেস বিজ্ঞপ্তি ঃ ডাঃ এইচ বি এম ইকবাল এমপি কর্তৃক জামালপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি জনাব আব্দুর রশিদকে তেজগাঁও কলেজের প্রিন্সিপাল নিয়োগ করায় তীব্র প্রতিবাদ করে বিএনপি নেতা সাবেক প্রতিমন্ত্রী মেজর (অবঃ) আব্দুল মান্নান এবং তেজগাঁও কলেজের সাবেক ভিপি শমসের আলম শমসের ও সাবেক ছাত্র নেতৃবৃন্দ গতকাল পৃথক পৃথক বিবৃতি দিয়েছেন। বিবৃতিতে বলা হয়, বাকশালী কায়দায় আওয়ামী নেতাকে অধ্যক্ষ নিয়োগ করে ডাঃ ইকবাল কলেজটিকে ধ্বংস করতে চাচ্ছেন। বিবৃতিতে বলা হয়, তেজগাঁও কলেজের অর্থ ও জায়গা আত্মসাতের জন্য ডাঃ ইকবাল উঠে পড়ে গেছেন।

বিবৃতিতে তারা বলেন, কলেজের প্রতিষ্ঠাতা প্রিন্সিপাল তোফায়েল আহমদ চৌধুরী ও তেজগাঁও মহিলা কলেজের প্রিন্সিপালকে জোরপূর্বক অব্যাহতি দান করেই তিনি ক্ষান্ত হননি কলেজের জুনিয়র অধ্যাপকদের প্রিন্সিপাল নিয়োগ করছেন।

বিবৃতিতে তেজগাঁও কলেজের শিক্ষার ঐতিহ্য রক্ষায় কলেজের প্রাক্তন ভিপি ও প্রাক্তন ছাত্রছাত্রীদের প্রতি আহবান জানিয়েছেন।

বিবৃতিতে স্বাক্ষরকারী ছাত্র নেতৃবৃন্দ হচ্ছেন– হাসান মঞ্জুর, আনিসুর রহমান, আজাদ, সাইফুল আলম বাবু, নাসির উদ্দিন, হাসান মাহমুদ, মোহাম্মদ হোসেন মহসিন, সাবেক ভিপি এ এইচ এম জাহাঙ্গীর হোসেন, আবু সুফিয়ান দুলাল প্রমুখ।